যুগান্তর

MAY 04 20

তারিখ ...

পৃঃ 8 কলাম ...

# উচ্চ মাধ্যমিক শ্রেণীর নতুন ইংরেজি বিষয় ও কিছু কথা

২০০১ সালে প্রণীত উচ্চ মাধ্যমিক শ্রেণীর ইংরেজি বিষয়টি Communicative Function-এর ওপর ভিত্তি করে রচিত যা যুগোপযোগী এবং প্রশংসনীয়। কিন্তু বিষয়টির বেশ কিছু দিক সম্পর্কে NCTB-এর কিছু প্রয়োজনীয় দিকনির্দেশনা না থাকায় শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ বেশ কিছু সমস্যার সম্মুখীন হচ্ছেন।

প্রথমত উল্লেখ্য, প্রথম পত্রের মান বন্টনে বিশেষ করে Guided Writing-এর ক্ষেত্রে কিছু অস্পষ্টতা লক্ষ্য করা যায়। Guided Writing-এ মোট ৪০ নম্বর দেখানো হয়েছে বইটির সিলেবাসে। কিন্তু উল্লেখ করা হয়েছে ৩টি Item. ঐই তিনটি Item-এর মধ্যে কোন Item-এর জন্য কত নম্বর তা স্পষ্ট বলা হয়নি। সম্ভবত ৩টির যে কোন ১টি Item-এ ২০ নম্বর এবং বাকি ২টি Item-এর ক্ষেত্রে ১০ নম্বর করে হবে। এ প্রসঙ্গে কোন Item-এর ক্ষেত্রে ২০ নম্বর প্রযোজ্য হবে তা স্পষ্ট হওয়া প্রয়োজন কিংবা পূর্ণাঙ্গ মান বন্টন দরকার।

দ্বিতীয়ত, দ্বিতীয় পত্রের Semi-guided to free writing-এর ক্ষেত্রে i, iii, iv এই তিনটি Item-এর জন্য সুস্পষ্ট উদাহরণ বা নির্দেশনা না থাকায় সমস্যার সৃষ্টি হচ্ছে। উপরোক্ত বিষয়সমূহ সম্পর্কে স্পষ্ট ধারণার জন্য Sample Question একান্ত আবশ্যক। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ সেটা প্রদান করার প্রয়োজনীয়তা অনুভব করেননি। এছাড়া শিক্ষকদের জন্য Teaching Technique-এর ওপর নির্দেশনারও একান্ত প্রয়োজন। বইটির Preface-এ Teacher's Guide প্রদানের কথা উল্লেখ থাকলেও অদ্যাবধি কোন Teacher's Guide পাওয়া যায়নি।

তৃতীয়ত, বইটির পরিসর বড় হওয়ায় নির্দিষ্ট শিক্ষাবর্ষে কোর্স সমাপ্ত করা কতটুকু সম্ভব তা ভেবে দেখার বিষয়। ২৪টি Unit-এর ১৫৮টি Lesson Complete করা অনেক সময়সাপেক্ষ ব্যাপার। সেশনের তিন-চার মাস পরে ছাত্রছাত্রীদের হাতে পৌঁছানো হয়েছে। বইটির Textual Discussion ছাড়াও ব্যাপক পরিমাণ গ্রামার আলোচনা করা একান্ত প্রয়োজন। দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সাধারণ ছুটি, ঐচ্ছিক ছুটি, সংরক্ষিত ছুটিসহ নানাবিধ ছুটির কারণে অধিকাংশ সময় বন্ধ থাকে। এছাড়া স্নাতক পাস ও অনার্স পাঠদানকারী কলেজসমূহে উচ্চ মাধ্যমিক পরীক্ষাসহ স্নাতক পাস ও সম্মান পরীক্ষার জন্য শিক্ষাবর্ষের অনেকটা সময় শ্রেণীকার্য বন্ধ থাকে। তাই বইটির Unit সংখ্যা কিছু কমানো প্রয়োজন।

চতুর্থত, বইটিতে কিছু Literary Texts সন্নিবেশিত হলেও Literary Test বা Teste কিংবা Content-এর ওপর কোন জোর দেয়া হয়নি। কেননা, বইটির Preface-এ সাহিত্য বিষয়ক Texts সমূহ সম্পর্কে বলা হয়েছে 'The emphasis in such cases is not just on content but on the exploitation of the texts to trigger a variety of languages activites. অর্থাৎ বইটির সাহিত্য বিষয়ক textsসমূহ বিষয়বস্তুর ওপর জোর না দিয়ে কেবল ভাষাগত বৈচিত্র্যের জন্যই সন্নিবেশিত করা হয়েছে। আমার সঙ্গে অনেকেই একমত হবেন যে, Languages activites-এর পাশাপাশি কিছুটা হলেও Literary Taste শিক্ষার্থীদের জন্য প্রয়োজন। তাছাড়া HSC পরবর্তী উচ্চ শিক্ষায় ইংরেজি সাহিত্যে শিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা বর্তমান স্তরে সাহিত্যের Taste, প্রাথমিক ধারণা এবং সাহিত্যের উদ্দেশ্য সম্পর্কে কোন ধারণা পাচ্ছে না।

পঞ্চমত, বইটির একটি Lesson-এর সামান্য ভুল উল্লেখ করা প্রয়োজন। বইটির Unit-5-এর Lesson-6-এর Jerry Textটি MK Rawlings-এর A Mother in Mannville নামক ছোট গল্প থেকে নেয়া হয়েছে এবং His name was Jerry বাক্যের পর থেকে শুরু হয়েছে। কিন্তু এর পরের বাক্যাংশটি (He was twelve years old) বাদ পড়েছে। (HSC English Selection, For the Young, First Edition, August-1987 দ্রষ্টব্য)। উল্লিখিত অংশটুকুর ওপর বইটির ৭০ নং পৃষ্ঠার True/False নির্ণয়ের জন্য প্রদত্ত C. (a) নং বাক্যটি (Jerry had been living in the orphanage for about eight years) Information নির্ভর করছে। উল্লিখিত বাক্যাংশ না থাকায় শিক্ষার্থীরা কিছুটা বিভ্রান্তিতে পড়ছে।

ষষ্ঠত, NCTB কর্তৃক প্রকাশিত মূল বইটির আদলে ভুল সংবলিত কিছু বই বাজারে পাওয়া যাচ্ছে যা রোধ করা আবশ্যক। পরিশেষে, বইটির উল্লিখিত সমস্যাসমূহ ও অস্পষ্টতা নিরসনে NCTB কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

মোঃ মানিক হোসেন সরকার, প্রভাষক, ইংরেজি, গড়েয়া ডিগ্রি কলেজ, ঠাকুরগাঁও